



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ

E-mail: muminunnisagovtcollege@gmail.com
Website: www.mugmc.edu.bd



EIIN NO- 111915

স্মারক নং- মুসমক/২০২৪/৫৭২

তারিখ : ২৬/৫/২৪

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে
ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪ অনুযায়ী মুমিনুনিসা সরকারি মহিলা কলেজে নিম্নোক্ত সময়সূচি মোতাবেক ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। ২০২২, ২০২৩, ২০২৪ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড থেকে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস এস সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষার্থী, অভিভাবক এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে সম্পূর্ণ স্বাস্থ্য বিধি মেনে ভর্তি কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

আবেদন করার ওয়েব সাইটের ঠিকানা : <http://www.xiclassadmission.gov.bd>

আবেদনের যোগ্যতা :

- বিজ্ঞান বিভাগে আবেদনের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৪.০০
- মানবিক বিভাগে আবেদনের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০
- ব্যবসায় শিক্ষা শাখা থেকে মানবিক বিভাগে আবেদনের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০
- বিজ্ঞান থেকে মানবিক বিভাগে আবেদনের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০

ক্রমিক	বিষয়	তারিখ
৬.১	ভর্তির অন-লাইনে আবেদন গ্রহণ	২৬/০৫/২০২৪ (রবিবার) থেকে ১১/০৬/২০২৪ (মঙ্গলবার)
৬.৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৩/০৬/২০২৪ (রবিবার) রাত ৮:০০টায়
৬.৬	শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) পুনরায় তাকে ফিসহ আবেদন করতে হবে।	২৩/০৬/২০২৪ (রবিবার) থেকে ২৯/০৬/২০২৪ (শনিবার) রাত ৮:০০টা পর্যন্ত।
৬.৭	২য় পর্যায়ের আবেদন গ্রহণ	৩০/০৬/২০২৪ (রবিবার) থেকে ০২/০৭/২০২৪ মঙ্গলবার রাত ৮:০০ পর্যন্ত
৬.৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার) রাত ৮:০০টায়
৬.৯	২য় পর্যায়ের আবেদনের ফলপ্রকাশ	০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার) রাত ৮:০০টায়
৬.১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন(শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে) এবং পুনরায় তাকে ফিসহ আবেদন করতে হবে।	০৫/০৭/২০২৪ (শুক্রবার) থেকে ০৮/০৭/২০২৪ (সোমবার) রাত ৮:০০টায় পর্যন্ত।
৬.১১	৩য় পর্যায়ের আবেদন গ্রহণ	০৯/০৭/২০২৪ (মঙ্গলবার) থেকে ১০/০৭/২০২৪ (বুধবার)
৬.১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১২/০৭/২০২৪ (শুক্রবার) রাত ৮:০০ টায়
৬.১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১২/০৭/২০২৪ (শুক্রবার) রাত ৮:০০ টায়
৬.১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	১৩/০৭/২০২৪ (শনিবার) থেকে ১৪/০৭/২০২৪ (রবিবার)
৬.১৫	ভর্তি	১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ (বৃহস্পতিবার)
৬.১৬	ক্লাশ শুরু	৩০ জুলাই ২০২৪ (মঙ্গলবার)

আবেদনকারীগণ নিম্নবর্ণিত পেয়েন্ট অপারেটরের মাধ্যমে আবেদন ফি প্রদান করতে পারবে।

Payment Operators:

1. Nagad 2. Sonali Bank 3. Teletalk 4. bkaash 5. Sure Cash 6. Rocket

ক. একজন শিক্ষার্থীকে কমপক্ষে ০৫(পাঁচ) টি কলেজ পছন্দক্রম অনুসারে আবেদন করতে হবে তবে সর্বোচ্চ ১০(দশ)টি কলেজ পছন্দক্রম অনুসারে আবেদন করতে পারবে।

খ. মেধা এবং পছন্দক্রম অনুসারে শিক্ষার্থী নির্দিষ্ট কলেজে ভর্তির জন্য মনোনীত হবে।

গ. উল্লেখ যে, অনলাইন ব্যতীত কোন ভর্তি কার্যক্রম সম্পন্ন করা যাবে না।


ঘ. যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ঙ. প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

ফলাফল : অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা কলেজ নোটিশ বোর্ড ও কলেজের ওয়েব সাইট (www.mugmc.gov.bd) এবং কলেজের অফিসিয়াল

ফেইসবুক Muminunnisa Govt. Mohila College (official) এ প্রকাশ করা হবে।

বিপ্লবঃ- যে সকল শিক্ষার্থী নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতে পারবে না তাদের আবেদন করার প্রয়োজন নাই।



প্রফেসর মোঃ খায়রুল ইসলাম
অধ্যক্ষ
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ
ফোন : ০২৯৯৬৬৬৭২৪৭।



নিখিল চন্দ্র দাস
আহ্বায়ক
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি
ভর্তি কমিটি ২০২৪ (মানবিক)
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ



মোহাম্মদ আবুল কাশেম খান
আহ্বায়ক
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি
ভর্তি কমিটি ২০২৪ (বিজ্ঞান)
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ